গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা
এনজিও বিষয়ক শাখা

www.dhaka.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪১.২৬০০.০২৮.৫৬.০০১.২৪.২

তারিখঃ ৪ পৌষ ১৪৩১
১৮ ডিসেম্বর ২০২৪

বিষয়: মিডিয়া রিসোর্সেস ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ কর্তৃক ১ নভেম্বর ২০২৩ থেকে ৩০ এপ্রিল ২০২৪ সময় পর্যন্ত বাস্তবায়িত "Media Strengthening Democracy" প্রকল্পের অনুকূলে প্রত্যয়ন প্রদানের বিষয়ে মতামত প্রেরণ।

সূত্র: জনাব আক্তারুন নাহার, ম্যানেজার প্রোগ্রাম এর আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত আবেদনের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মিডিয়া রিসোর্সেস ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ কর্তৃক ১ নভেম্বর ২০২৩ থেকে ৩০ এপ্রিল ২০২৪ সময় পর্যন্ত বাস্তবায়িত "Media Strengthening Democracy" প্রকল্পের অনুকূলে প্রত্যয়ন প্রদানের নিমিত্ত এ কার্যালয়ের সিনিয়র সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব মোঃ উমর ফারুক-কে তদন্তের দায়িত্ব প্রদান করা হয়। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত তদন্ত প্রতিবেদনে সংস্থাটির আওতাধীন বর্ণিত প্রকল্পের কার্যক্রম সন্তোষজনক এবং প্রকল্পটির অনুকূলে প্রত্যয়ন প্রদান করা যেতে পারে মর্মে সুপারিশ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনের সাথে একমতপোষণপূর্বক প্রতিবেদনটি মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: তদন্ত প্রতিবেদন

তানভীর আহমেদ
জেলা প্রশাসক
ফোন: ০২২২৩৩৮৯৭৮৬
ফ্যাক্স: ৪১০৫১৫০০
ইমেইল:
dcdhaka@mopa.gov.bd

মহাপরিচালক
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধান উপদেষ্টার কার্যালয়, প্লট-ই-১৩/বি. আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

স্মারক নম্বরঃ ০৫.৪১.২৬০০.০২৮.৫৬.০০১.২৪.২

তারিখঃ ৫ পৌষ ১৪৩১
১৯ ডিসেম্বর ২০২৪

(১) জনাব আক্তারুন নাহার, ম্যানেজার প্রোগ্রাম, ৮/১৯ স্যার সৈয়দ রোড, ব্লক-এ, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা
(জেনারেল সার্টিফিকেট শাখা)
www.dhaka.gov.bd

স্মারক নং ০৫.৪১.২৬০০.০২১.১৬.০০৩.২৩- ৭৫৬

তারিখ: ০৫ অগ্রহায়ণ ১৪৩১
২০ নভেম্বর ২০২৪

বিষয় : বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা মিডিয়া রিসোর্সেস ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ কর্তৃক "Media Strengthening Democracy" শীর্ষক ১ নভেম্বর ২০২৩ হতে ৩০ এপ্রিল ২০২৪ মেয়াদী প্রকল্পের বাস্তবায়ন প্রত্যয়নপত্র প্রদানের নিমিত্ত সরেজমিন তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণ।

সূত্র : জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা ( এনজিও বিষয়ক শাখা) এর স্মারক নম্বর: ০৫.৪১.২৬০০.০২৮.৫৬.০০১.২৪.১ তারিখ: ১৯/০৮/২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারক এর প্রেক্ষিতে বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা মিডিয়া রিসোর্সেস ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ কর্তৃক "Media Strengthening Democracy" শীর্ষক ১ নভেম্বর ২০২৩ হতে ৩০ এপ্রিল ২০২৪ মেয়াদী প্রকল্পের বাস্তবায়ন প্রত্যয়নপত্র প্রদানের সরেজমিন তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যার্থে এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ……. ফর্দ

২০/১১/২৪

মোঃ উমর ফারুক
জেনারেল সার্টিফিকেট অফিসার
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা

জেলা প্রশাসক
ঢাকা
দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী কমিশনার
এনজিও বিষয়ক শাখা
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা জেলা
www.dhaka.gov.bd

## প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত প্রত্যয়নপত্রের "ছক"

| ক্রমিক নম্বর | | বিবরণ | | তথ্যাদি | মন্তব্য (যদি থাকে) |
|---|---|---|---|---|---|
| ০১ | | ০২ | | ০৩ | ০৪ |
| ০১ | | এনজিও সংক্রান্ত তথ্য | : | | |
| | ক) | এনজিও'র নাম | : | মিডিয়া রিসোর্সেস ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ | |
| | | ঠিকানা | | ৮/১৯ স্যার সৈয়দ রোড, ব্লক-এ, মোহাম্মদপুর, ঢাকা | |
| | খ) | এনজিও প্রধানের নাম | : | হাসিবুর রহমান | |
| | | পদবি | : | নির্বাহী পরিচালক | |
| | | দাপ্তরিক মোবাইল নম্বর | : | ০১৮১৯-২০০৫০০ | |
| | | ইমেইল এড্রেস | : | hasibur.rahman@mrdibd.org | |
| | গ) | এনজিও'র নিবন্ধন নম্বর | : | ১৯৬২ | |
| | | তারিখ | : | ২১/০৯/২০০৪ | |
| | | সর্বশেষ নবায়নের তারিখ | : | ২১/০৯/২০১৯ | |
| | | মেয়াদকাল | : | ২০/০৯/২০২৯ | |
| | ঘ) | জেলা/আঞ্চলিক অফিসের দায়িত্বপ্রাপ্ত এনজিও কর্মকর্তার নাম | : | আক্তারুন নাহার | |
| | | পদবি | : | ম্যানেজার প্রোগ্রাম | |
| | | দাপ্তরিক মোবাইল | : | ০১৫৫২-৩০১৩৭২ | |
| | | ইমেইল নম্বর | : | aktarun.naher@mrdibd.org | |
| ০২ | | প্রকল্প সংক্রান্ত তথ্য | : | | |
| | ক) | প্রকল্পের নাম | : | Media Strengthening Democracy | |
| | | মেয়াদকাল | | ১ নভেম্বর ২০২২ থেকে ৩০ এপ্রিল ২০২৪ পর্যন্ত | |
| | | টাকার পরিমাণ | | ২৩,৬১৩,৫২৪.০০ টাকা | |
| | খ) | প্রকল্প অনুমোদনের তারিখ ও স্মারক নম্বর | : | স্মারক নং: ০৩.০৭.২৬৬৬.৬৬২.৬৮.০৮৩.২০২২-৭১৪,<br>তারিখ: ২০/১২/২০২২খ্রি. | |
| | গ) | প্রত্যয়নপত্র প্রদানের বছর/সময় | : | ১ নভেম্বর ২০২৩ থেকে ৩০ এপ্রিল ২০২৪ পর্যন্ত | |
| | ঘ) | প্রকল্পের উদ্দেশ্য | : | প্রকল্পের উদ্দেশ্য হলো জনস্বার্থ সংশ্লিষ্ট ইস্যুতে প্রতিবেদন তৈরির ক্ষেত্রে সংবাদকর্মীদের দক্ষতা উন্নয়নের মাধ্যমে সংবাদ মাধ্যমের ভূমিকা শক্তিশালীকরণ ও ডিজিটাল নিরাপত্তা বিষয়ে সংবাদকর্মীদের দক্ষতা ও সচেতনতা বৃদ্ধি। | |
| | ঙ) | জেলা/উপজেলায় ব্যুরো কর্তৃক অনুমোদিত প্রকল্পের কপি স্থানীয় প্রশাসন কর্তৃক গ্রহণের তারিখ | : | ৮ জানুয়ারি, ২০২৩খ্রি. | |
| | | তাঁর এখতিয়ারাধীন এলাকা সংশ্লিষ্ট তথ্য | | | |
| | | তাঁর জেলা/উপজেলায় প্রকল্পের জন্য বরাদ্দ | : | ২৩,৬১৩,৫২৪.০০ টাকা | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বহুবর্ষী প্রকল্পের ক্ষেত্রে আলোচ্য বর্ষে বরাদ্দ | : | ৮,[illegible] টাকা |
| | • | বহুবর্ষী প্রকল্পের ক্ষেত্রে আলোচ্য বর্ষে প্রকৃত ব্যয় | : | ৮,৪৮৪,৭৬৯.০০ টাকা |
| | | প্রকল্পে উপকারভোগীর সংখ্যা | : | সম্পাদক, সংবাদ সিদ্ধান্তগ্রহীতা, সাংবাদিক, সাংবাদিক প্রশিক্ষক, সংবাদ ব্যবস্থাপক, শিক্ষক, সিএসও প্রতিনিধিসহ ৪১৪ জন এবং ৩টি টিভি চ্যানেল ও ৩টি সংবাদপত্র প্রকল্পের উপকারভোগী। |
| ০৩ | | **জেলা প্রশাসন/উপজেলা প্রশাসন সংক্রান্ত** | : | |
| | ক) | স্থানীয় প্রশাসন কর্তৃক প্রকল্পটি পরিদর্শনের তারিখ | : | ২৯/১০/২০২৪ খ্রি. |
| | | পরিদর্শনকারী কর্মকর্তার নাম | : | মোঃ উমর ফারুক |
| | | পদবি | : | সিনিয়র সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট |
| | | মোবাইল নম্বর | : | ০১৭১৮-১০৭৭২৬ |
| | | ইমেইল এড্রেস | : | farukmamun89@gmail.com |
| | খ) | উপকারভোগী নির্বাচনে স্থানীয় প্রশাসনকে সম্পৃক্ত করা হয়েছে কিনা | : | না |
| | | উপকারভোগী নির্বাচনে স্থানীয় প্রশাসনকে সম্পৃক্ত করা হয়েছে কিনা, হয়ে থাকলে তার সংক্ষিপ্ত বিবরণী | : | প্রকল্পের আওতায় আয়োজিত দক্ষতা উন্নয়ন কার্যক্রমে অংশগ্রহণকারী সাংবাদিকদের সুনির্দিষ্ট সংবাদমাধ্যমের সম্পাদক নির্বাচন করায় সরাসরি উপকারভোগী নির্বাচনে জেলা প্রশাসনের সম্পৃক্ততার সুযোগ ছিলো না। তবে এমআরডিআই প্রকল্পের আওতায় পরিকল্পিত সভা ও প্রশিক্ষণ আয়োজনের পূর্বে নিয়মিতভাবে জেলা প্রশাসককে অবহিত করেছে। প্রকল্পের মাসিক, ত্রৈমাসিক এবং বার্ষিক অগ্রগতি প্রতিবেদন প্রদান করেছে। |
| | গ) | এনজিও প্রতিনিধি জেলা/উপজেলায় এনজিও বিষয়ক সমন্বয় সভায় নিয়মিত অংশগ্রহণ করেন কিনা; | : | এনজিও প্রতিনিধি জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভায় নিয়মিত অংশগ্রহণ করেন। |
| | ঘ) | এনজিও বিষয়ক ব্যুরোর অনুমোদিত পত্রের শর্তাদি যথাযথভাবে প্রতিপালিত হয়েছে কিনা | : | এনজিও বিষয়ক ব্যুরোর অনুমোদিত পত্রের শর্তাদি অনুসারে এমআরডিআই প্রকল্প অনুমোদন, সংশোধিত অনুমোদন এবং প্রকল্প বাস্তবায়ন প্রতিবেদন জেলা প্রশাসকের দপ্তরে দাখিল করেছে। প্রকল্প বর্ষ সমাপ্তির পর প্রকল্প কার্যক্রমের অডিট রিপোর্ট এবং এফডি ৩ সহ পরিপত্র ৫ এর আলোকে বার্ষিক প্রতিবেদন এনজিও বিষয়ক ব্যুরো এবং বাংলাদেশ ব্যাংকের পরিসংখ্যান বিভাগের পাশাপাশি জেলা প্রশাসকের দপ্তরে প্রেরণ করেছে।পাশাপাশি প্রকল্প কার্যক্রম পরিচালনকালে অনুমোদনকৃত বাজেট অনুসরণে ব্যয় নির্বাহের সময় সরকারি নিয়ম অনুসারে আয়কর/ভ্যাট কর্তন করে সরকারি কোষাগারে জমা প্রদান করেছে।প্রকল্প সংক্রান্ত সকল তথ্য, প্রকল্প বাজেট প্রতিষ্ঠানের ওয়েবসাইটে আপলোড করেছে। |
| ০৪. | | **পার্টনার এনজিও হলে মূল এনজিও বিষয়ক তথ্যাদি (প্রযোজ্য ক্ষেত্রে)** | : | প্রযোজ্য নয় |
| | ক) | মূল এনজিও'র নাম | : | |
| | | ঠিকানা | | |
| ০৫. | | **প্রকল্পের অর্জিত লক্ষ্যমাত্রা বিষয়ক** | : | |
| | ক) | প্রকল্প সমাপনি প্রতিবেদন/বার্ষিক প্রতিবেদনে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহি অফিসারের প্রতিস্বাক্ষর গ্রহণ করা হয়েছে কিনা | : | প্রকল্প বার্ষিক প্রতিবেদনে জেলা প্রশাসকের প্রতিস্বাক্ষর গ্রহণ করা হয়েছে ২৫/০৬/২০২৪। |
| ০৬. | | **বাস্তবায়িত প্রকল্প সম্পর্কে সীমাবদ্ধতা/সম্ভাবনা সম্পর্কে সুস্পষ্ট মতামত** | : | জনস্বার্থ সংশ্লিষ্ট গভীরতাধর্মী প্রতিবেদন তৈরিতে সংবাদমাধ্যমে কর্মরত জেলা প্রতিনিধিদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রকল্পের আওতায় আয়োজিত ইন-হাউজ প্রশিক্ষণ এবং মেন্টরশীপ কার্যক্রম সাংবাদিকতা পেশায় দক্ষ জনবল তৈরিতে ভূমিকা রাখছে। অন্যদিকে বস্তুনিষ্ঠ প্রতিবেদনের প্রকাশ জনগুরুত্বপূর্ণ বিষয়ে নীতিনির্ধারকদের সিদ্ধান্ত গ্রহণে সহায়ক ভূমিকা রাখছে যা দেশের অর্থনীতিতে প্রভাব বিস্তারে সক্ষম হবে। |

| | | |
|---|---|---|
| বাস্তবায়িত প্রকল্প সম্পর্কে সুপারিশ প্রত্যয়নকারী কর্মকর্তার স্বহস্তে লিখা [illegible]ম্য) | : | সাবিহা [illegible], মিডিয়া [illegible] ইনিশিয়েটিভ হতে Media Strenghtening Democracy প্রকল্পের ০১ জানুয়ারি ২০২০ হতে ৩০ এপ্রিল ২০২৪ মেয়াদী প্রকল্প বাস্তবায়নের প্রত্যয়নপত্র প্রদানের জন্য সুপারিশ করা হলো। |

২০/৫/২৪

মোঃ উমর ফারুক
সিনিয়র সহকারী কমিশনার ও
এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা